

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৮০.১৭.০১৬.১৯-৫৯

তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

গত ২৫ জানুয়ারি ২০২৩ তারিখ বুধবার বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত নির্বাচন কমিশন সচিবালয়ের নং ১৭.০০.০০০০.০৩৪.৩৪.০২৫.২২-৫২ প্রজ্ঞাপন মূলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের ২২ তম রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়।


প্রজ্ঞাপনে নির্ধারিত তারিখ মোতাবেক অদ্য ১২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ রবিবার রাষ্ট্রপতি নির্বাচনের নির্বাচনী কর্তা মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কাজী হাবিবুল আউয়াল এর নিকট বাংলাদেশ আওয়ামী লীগ হতে রাষ্ট্রপতি পদে জনাব মোঃ সাহাবুদ্দিন এর পক্ষে দুইটি মনোনয়নপত্র দাখিল করা হয়েছে।

জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য জনাব ওবায়দুল কাদের দুটি মনোনয়নপত্রেরই প্রস্তাবক এবং জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য জনাব মোহাম্মদ হাছান মাহমুদ দুটি মনোনয়নপত্রেরই সমর্থক।

প্রস্তাবক	জনাব ওবায়দুল কাদের এমপি	সংসদ সদস্য হিসাবে জাতীয় সংসদ কর্তৃক ভোটারের অনুকূলে বরাদ্দকৃত বিভক্তি সংখ্যা-২৭২
সমর্থক	জনাব মোহাম্মদ হাছান মাহমুদ এমপি	সংসদ সদস্য হিসাবে জাতীয় সংসদ কর্তৃক ভোটারের অনুকূলে বরাদ্দকৃত বিভক্তি সংখ্যা-২৮৪

মনোনয়নপত্র দাখিলের সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগ এর সাধারণ সম্পাদক জনাব ওবায়দুল কাদের এমপি ও মাননীয় মন্ত্রী, জনাব মোহাম্মদ হাছান মাহমুদ এমপি ও মাননীয় মন্ত্রী, লে. কর্ণেল (অব.) মুহাম্মদ ফারুক খান, এমপি, ড. আবদুস সোবহান গোলাপ, এমপি, জনাব নূর-ই-আলম চৌধুরী, এমপি ও চিফ হাইপ, জাতীয় সংসদ, জনাব জাহাঙ্গীর কবির নানক, সভাপতিমণ্ডলীর সদস্য, ড. সেলিম মাহমুদ, তথ্য ও গবেষণা সম্পাদক এবং ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, দপ্তর সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ।

আগামী ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ সোমবার রাষ্ট্রপতি পদে দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ পরীক্ষা করা হবে।
পরীক্ষার পর আইন ও বিধি অনুযায়ী রাষ্ট্রপতি পদে নির্বাচিত প্রার্থীর নাম ঘোষণা করা হবে।


(এস এম আসাদুজ্জামান)
পরিচালক (জনসংযোগ)
ও
যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
ফোন: ৫৫০০৭৫২০